




ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

ডেঙ্গু প্রতিরোধে করণীয়



- আপনার আঙিনার কোথাও পানি জমতে দেবেন না।
- আপনার ঘর/ বাড়ির আশেপাশে কোন জায়গায় জমে থাকা পানি ৩ দিন পর ফেলে দিন।
- ফুলের টব, প্লাস্টিকের পাত্র, পরিত্যক্ত টায়ার, কমোড, প্লাস্টিকের ড্রাম, মাটির পাত্র, বালতি, টিনের কৌটা, ডাবের খোসা/ নারিকেলের মালা, কন্টেইনার, পানির মটকা, ব্যাটারির শেল, পলিথিন/ চিপসের প্যাকেট ইত্যাদি পাত্রে পানি জমে থাকতে পারে।
- পরিত্যক্ত পাত্র উলটে রাখুন।
- পানি ফেলে দেওয়ার পর পাত্রটি অবশ্যই পরিষ্কার করে নেবেন।
- অপ্রয়োজনীয় ও পরিত্যক্ত পানির পাত্র নষ্ট করে ফেলুন।
- বর্ষাকালে ছাদ বাগানের কোন টবে যেন পানি জমতে না পারে তা নিশ্চিত করুন।
- নির্মাণাধীন ভবনের লিফটের গর্তে পানি জমে মশার বংশবিস্তার করে; লিফট স্থাপনের পূর্ব পর্যন্ত এই গর্ত বালি দিয়ে ভরাট করে রাখুন।
- ওয়াসার পানির মিটারে জমে থাকা পানিতে মশা ডিম পেড়ে বংশবিস্তার করে, পানির মিটারে মাসে একবার নোভালিউরোন ট্যাবলেট প্রয়োগ করুন।
- নোভালিউরোন ট্যাবলেটের জন্য সংশ্লিষ্ট মশক কর্মীর সাথে যোগাযোগ করলে বিনামূল্যে সরবরাহ করা হবে।
- দিনে বা রাতে ঘুমানোর সময় অবশ্যই মশারি ব্যবহার করতে হবে, শিশুদের ঘুমানোর সময় অবশ্যই মশারি টাঙ্গিয়ে দেবেন।
- এডিস মশা শরীরের খোলা জায়গায় কামড়ায়, তাই যতদূর সম্ভব সমস্ত শরীর ঢাকা থাকে এমন পোষাক পরিধান করতে হবে।
- প্রয়োজনে শরীরের অনাবৃত স্থানে মশা নিরোধক ক্রীম/ লোশন ব্যবহার করুন (মুখমণ্ডল ব্যতীত)।
- সম্ভব হলে জানালা এবং দরজায় মশা প্রতিরোধক নেট লাগাতে হবে যাতে ঘরে মশা প্রবেশ করতে না পারে।
- বর্ষাকালে ডেঙ্গুর প্রকোপ বৃদ্ধি পায়, তাই এসময় অধিক সতর্কতা অবলম্বন করুন।
- নিজের সুস্থতার জন্য আপনার আশেপাশের অন্যদের সচেতন করুন।
- কেউ জ্বরে আক্রান্ত হলে নিকটস্থ প্রাথমিক স্বাস্থ্য সেবা কেন্দ্রে অথবা মাতৃসদন থেকে বিনামূল্যে ডেঙ্গু পরীক্ষা করিয়ে নিন। আপনার নিকটবর্তী স্বাস্থ্য কেন্দ্রের ঠিকানা পেতে ভিজিট করুন-

www.dncc.gov.bd

সবাই মিলে
সবার ঢাকা

সুস্থ, সচল ও আধুনিক
ঢাকা



হেল্পলাইন
১৬১০৬